

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলাপত্র: প্রথম

বিষয় কোড: ১০১

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/খাপ/পরিধি)	মূল্যায়ননির্দেশনা (কুত্রিঙ্গ)			
				১	২	৩	
০১	'সুভা' গল্প অনুসরণে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি অনুধাবন এবং তাদের প্রতি পরিবার ও সমাজের ভূমিকা নির্ধারণ	বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সংবেদনশীল হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে।	১. বাক-প্রতিবন্ধী সুভা তার পরিবার ও সমাজ থেকে যে আচরণ পেয়েছে এর বিবরণ। ২. সুভার প্রতি পরিবার ও সমাজের প্রত্যাশিত ইতিবাচক আচরণ। ৩. তোমার চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতাসমূহ। ৪. 'একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষেরও সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মন আছে।' - মন্তব্যটি সুভা ও তোমার চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ।	১ সুভার প্রতি বিরূপ আচরণ	২ বিরূপ আচরণ শনাক্ত করতে পারা	৩ বিরূপ আচরণ শনাক্ত করে ব্যাখ্যা করতে পারা	
				২ প্রত্যাশিত ইতিবাচক আচরণ	৩ প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করতে পারা	৪ প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করে ব্যাখ্যা করতে পারা	
				৩ চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতা	১-২টি প্রতিবন্ধকতা উল্লেখ করতে পারা	৩-৪টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা	৫-৬টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা
				৪ সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মনের পরিচয়	সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সংবেদনশীল ও অনুভূতি উল্লেখ করতে পারা	মানুষ ও সমাজের সাপেক্ষে সুভার সংবেদনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা	মানুষ, সমাজ ও পরিবেশ-প্রকৃতির সাপেক্ষে সুভার সংবেদনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত

বিষয় কোড: ১০৯

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/খাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (কুত্রিঙ্গ)		
				প্রশ্ন	নির্দেশনা	নম্বর
০১	যে কোনো বাস্তব সংখ্যা x, y এবং z এর জন্য $x + y + z = 2,$ $x^2 + y^2 + z^2 = 3$ এবং $xyz = 4$	১। বীজগাণিতিক সূত্র প্রয়োগ করে বর্গ ও ঘনরাশির সম্প্রসারণ করতে পারবে। ২। উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে।	ক) $xy + z - 1$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। (প্রদত্ত তথ্যের সাহায্য নিয়ে z প্রতিস্থাপন করে উৎপাদকে বিশ্লেষণ করবে।) খ) $(x - y)^2 + (y - z)^2 + (z - x)^2$ এর মান নির্ণয় কর। (বর্গ সংবলিত সূত্র ব্যবহার করে $(x - y)^2 + (y - z)^2 + (z - x)^2$ এর মান নির্ণয় করবে।) গ) $x^3 + y^3 + z^3$ এর মান নির্ণয় কর। (প্রথমে $(x + y + z)$ ও $(xy + yz + zx)$ এর গুণ করে এবং প্রদত্ত তথ্যের ব্যবহার করে $x^2y + x^2z + xy^2 + zy^2 + z^2y + z^2x$ এর মান নির্ণয় করবে। এরপর $(x + y + z)$ ও $(x^2 + y^2 + z^2)$ গুণ করে এবং প্রাপ্ত তথ্য ব্যবহার করে $x^3 + y^3 + z^3$ এর মান নির্ণয় করবে।) ঘ) প্রমাণ কর যে, $\frac{1}{xy + z - 1} + \frac{1}{yz + x - 1} + \frac{1}{zx + y - 1} = -\frac{2}{9}$ (হরগুলোর উৎপাদকে বিশ্লেষণের জন্য 'ক' এর সাহায্য নেয়া যেতে পারে।)	প্রশ্ন ক) • সঠিকভাবে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করতে পারলে • প্রদত্ত তথ্য থেকে z এর মান বসিয়ে সঠিকভাবে সরল করতে পারলে খ) • সূত্র প্রয়োগ করে সঠিকভাবে সমাধান করে মান নির্ণয় করতে পারলে • সূত্র প্রয়োগ করে সঠিকভাবে $(xy + yz + zx)$ এর মান নির্ণয় করতে পারলে • $2(x^2 + y^2 + z^2) - 2(xy + yz + zx)$ পর্যন্ত লিখতে পারলে গ) • প্রদত্ত তথ্য ও প্রয়োজনীয় সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে • $(x + y + z)$ ও $(x^2 + y^2 + z^2)$ এর গুণফলকে $x^2y + x^2z + xy^2 + zy^2 + z^2y + z^2x$ এর মান ব্যবহার উপযোগী করতে পারলে • $(x + y + z)$ ও $(xy + yz + zx)$ এর গুণ করে এবং উদ্দীপকের তথ্য ব্যবহার করে $x^2y + x^2z + xy^2 + zy^2 + z^2y + z^2x$ এর মান নির্ণয় করতে পারলে ঘ) • প্রদত্ত তথ্য ব্যবহার করে সঠিকভাবে প্রমাণ করতে পারলে • যোগফলের হরকে উদ্দীপক ব্যবহারের উপযোগী করতে পারলে • বামপক্ষের রাশিগুলো যোগ করতে পারলে • হরগুলোর ২য় বা ৩য় টি উৎপাদক করতে পারলে	০২ ০১ ০৩ ০২ ০১ ০৩ ০২ ০১ ০৪ ০৩ ০২ ০১	